

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় উপাচার্য পদে আনোয়ার হোসেনের সম্ভাবনা

নিজস্ব প্রতিবেদক •

শিগগিরই নির্বাচিত উপাচার্য পাচ্ছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। আর নতুন উপাচার্য হিসেবে বর্তমান উপাচার্য আনোয়ার হোসেনের সম্ভাবনাই বেশি। সরকারের নীতিনির্ধারক পর্যায়ের একটি সূত্র প্রথম আলোকে এ তথ্য জানিয়েছে।

সূত্রমতে, গতকাল রোববার বিশ্ববিদ্যালয় থেকে উপাচার্য প্যানেল নির্বাচনের ফল শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়। এরপর, গতকালই উপাচার্য প্যানেলে নির্বাচিত তিনজনের নামের প্রস্তাব-সংবলিত সারসংক্ষেপ প্রধানমন্ত্রীর কাছে পাঠানো হয়। প্রধানমন্ত্রীর অনুমোদনের পর উপাচার্য নিয়োগের জন্য প্রস্তাব রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্যের কাছে পাঠানো হবে।

জ্ঞানতে চাইলে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল বিকেলে প্রধানমন্ত্রীর কাছে সারসংক্ষেপ পাঠানোর বিষয়টি প্রথম আলোকে নিশ্চিত করেন। তবে এর বাইরে তিনি কিছু বলতে রাজি হননি।

এক পক্ষের আন্দোলনের মুখে গত শুক্রবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্যানেল

নির্বাচন অনুষ্ঠিত হয়। তিনজনের এই প্যানেলে বেশি ভোট পান আন্দোলনের মুখে গত মে মাসে পদত্যাগ করা সাবেক উপাচার্য শরীফ এনামুল কবির, দ্বিতীয় হন বর্তমান উপাচার্য আনোয়ার হোসেন ও তৃতীয় হন গাণিতিক ও পদার্থবিদ্যার অনুষদের ডিন নুরুল আলম। অর্থাৎ এই তিনজনই উপাচার্য হওয়ার জন্য যোগ্য হলেন। যেখান থেকে একজনকে উপাচার্য করা হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রমতে, বিশ্ববিদ্যালয়ের একজন উপ-রেজিস্ট্রার গতকাল উপাচার্য প্যানেলের ফল মন্ত্রণালয়ে নিয়ে আসেন। এর পরপরই সারসংক্ষেপ তৈরি করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়সহ সরকারের সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, সরকারের সংশ্লিষ্ট বেশির ভাগ নীতিনির্ধারক আনোয়ার হোসেনকেই আবারও উপাচার্য নিয়োগ দেওয়ার পক্ষে। এ জন্য তাঁর নামটিই বেশি আলোচনায় আছে।

তবে বেশি ভোট পাওয়ায় শরীফ এনামুল কবিরকেও কেউ কেউ উপাচার্য করার পক্ষে থাকলেও আন্দোলনের মুখে পদত্যাগ করার কারণে তাঁর বিষয়ে নেতিবাচক ধারণা আছে।